গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

তারিখ: ২২ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
০৭ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৩৭.০২.০০০০.১১৩.৩৭.০০১.২২.৩৫

বিষয়: **মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের (সরকারি/বেসরকারি স্কুল, কলেজ ও স্কুল এন্ড কলেজ) Institute Management System (IMS) মডিউলে ২০২৩ সালের তথ্য হালনাগাদ প্রসঙ্গে।**

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন ন্যূনতম পাঠদান অনুমতি প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের (সরকারি/বেসরকারি স্কুল, কলেজ ও স্কুল এন্ড কলেজ) তথ্য ভান্ডার হিসেবে অধিদপ্তরের ওয়েববেইজড Education Management Information System (EMIS) এর আওতায় Institute Management System (IMS) মডিউল রয়েছে। IMS-এর তথ্য শিক্ষা ব্যবস্থার বিভিন্ন নীতি নির্ধারণী সিদ্ধান্ত গ্রহণ, পদোন্নতি, বদলি, শিক্ষার গুণগত মানোন্নয়ন এবং শিক্ষার ক্ষেত্রে স্বচ্ছতা আনয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এ কারণে IMS-মডিউলে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের ২০২৩ সালের তথ্য হালনাগাদ করা জরুরি। এমতাবস্থায় IMS-মডিউলে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের ২০২৩ সালের তথ্য ৩০/১১/২০২৩ খ্রি. তারিখের মধ্যে হালনাগাদ করার জন্য অনুরোধ করা হলো।

তথ্য হালনাগাদ করার জন্য www.emis.gov.bd ওয়েবসাইটে Institute Management System (IMS) ইউজার ম্যানুয়ালের সহায়তা নেওয়া যেতে পারে। প্রতিষ্ঠান প্রধান নিজ প্রতিষ্ঠানের তথ্য হালনাগাদপূর্বক রিপোর্ট মেনুর স্বতন্ত্র প্রতিবেদন/ Individual Report অপশন হতে "প্রতিষ্ঠানের বিবরণ/ Institute Profile" ডাউনলোড করে স্বাক্ষর ও সীল সহ হার্ডকপি সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসে ০৭/১২/২০২৩ খ্রি. তারিখের মধ্যে জমা প্রদান করবেন।

০৭-১১-২০২৩
প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী
পরিচালক

অধ্যক্ষ/প্রধান শিক্ষক (কলেজ/স্কুল এন্ড কলেজ/স্কুল)।

তারিখ: ২২ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
০৭ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৩৭.০২.০০০০.১১৩.৩৭.০০১.২২.৩৫/১ (১০)

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
২। পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা আঞ্চলিক কার্যালয় ( তাঁর অঞ্চলের সকল প্রতিষ্ঠানের তথ্য হালনাগাদ কার্যক্রম তদারকি করার অনুরোধসহ);
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
৪। আঞ্চলিক উপপরিচালক-সকল (বিদ্যালয় ও পরিদর্শন শাখা) (তাঁর অঞ্চলের সকল প্রতিষ্ঠানের তথ্য হালনাগাদ কার্যক্রম তদারকি করার অনুরোধসহ);
৫। জেলা শিক্ষা কর্মকর্তা- সকল জেলা ( তাঁর জেলার সকল প্রতিষ্ঠানের তথ্য হালনাগাদ কার্যক্রম তদারকি করার অনুরোধসহ);
৬। প্রোগ্রামার (আঞ্চলিক কার্যালয়)- সকল অঞ্চল (তাঁর অঞ্চলের সকল প্রতিষ্ঠানের তথ্য হালনাগাদ কার্যক্রমে কারিগরি সহায়তা প্রদানের

অনুরোধসহ);

৭। উপজেলা /থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) (তাঁর উপজেলা / থানার সকল প্রতিষ্ঠানের তথ্য হালনাগাদ কার্যক্রম তদারকি করার অনুরোধসহ);

৮। উপজেলা /থানা একাডেমিক সুপারভাইজার (সকল) (তাঁর উপজেলা/ থানার সকল প্রতিষ্ঠানের তথ্য যাচাইপূর্বক সঠিক তথ্য হালনাগাদের জন্য প্রতিষ্ঠান প্রধানকে সহায়তা প্রদানের অনুরোধসহ);

৯। সহকারী প্রোগ্রামার (সকল জেলা)- (তাঁর জেলার সকল প্রতিষ্ঠানের তথ্য হালনাগাদ কার্যক্রমে কারিগরি সহায়তা প্রদানের অনুরোধসহ) এবং

১০। পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।

০৭-১১-২০২৩
জগৎ জ্যোতি বসাক
শিক্ষা পরিসংখ্যানবীদ


**"মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের EMIS সফটওয়্যারে** ইনস্টিটিউট ম্যানেজমেন্ট (IMS) মডিউল এ **শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, স্কুল ও কলেজ এবং কলেজ)** Data Entry - এর **জন্য প্রতিষ্ঠান প্রধানগণের জন্য নির্দেশিকা"**

প্রতিষ্ঠান প্রধানগণকে অনলাইনে EMIS সফটওয়্যারে (www.emis.gov.bd) প্রতিষ্ঠানের ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে লগ-ইন করে ইনস্টিটিউট ম্যানেজমেন্ট (IMS) মডিউল এ " Data Entry " মেনুতে প্রবেশ করে প্রতিষ্ঠানের সকল তথ্য হালনাগাদ/পূরণ করতে হবে।





**চিত্র ১:** EMIS Homepage

EMIS সফটওয়্যারে লগ-ইন করার জন্য ইউজার আইডি ও পাসওয়ার্ড প্রদান করে "Sign In" বাটনে ক্লিক করে লগ-ইন করতে হবে।





চিত্র ২: Login window

ইএমআইএস  সফটওয়্যারের ভাষা হিসেবে  বাংলা/ ইংরেজি ব্যবহার করা যায়। নিচের চিত্রানুযায়ী ভাষা পরিবর্তন করা যায়।





চিত্র ৩: সফটওয়্যারের ভাষা / Language পরিবর্তনের উপায়

সঠিক ভাবে লগ-ইন সম্পন্ন হলে ইনস্টিটিউট ম্যানেজমেন্ট 'IMS' মডিউল এ প্রবেশের মেনুতে ক্লিক করুন।





চিত্র ৪: মডিউলসমূহের আইকন

"IMS" মডিউলে প্রবেশ করলে চিত্র ৫ এর মত "IMS" মডিউলের মেনুসমূহ প্রদর্শিত হবে।




চিত্র ৫: “IMS” মডিউলের বিভিন্ন মেনু




চিত্র ৬: বিভিন্ন মেনু

বাম পাশের একেকটি মেনুতে ক্লিক করলে একেক ধরনের তথ্য ছক আসবে। প্রত্যকটি মেনু ক্লিক করে করে সকল তথ্য প্রদান করতে হবে।




চিত্র ৭ : তথ্য হালনাগাদ/প্রদানের পর সেভ করতে হবে।

সকল তথ্য প্রদান শেষে “Save”বাটনে ক্লিক করতে হবে। প্রতিবছর সকল তথ্য নতুন করে হালনাগাদ/প্রদান করতে হবে। প্রত্যেকটি মেনুতে ঢুকে তথ্য দেওয়ার পর অবশ্যই “Save”বাটনে ক্লিক করতে হবে।

**বি: দ্র:**

১। **সফটওয়্যারে প্রবেশের লিঙ্ক:**

EMIS সফটওয়্যারে প্রবেশের লিংক: www.emis.gov.bd

২। **ইউজার আইডি ও পাসওয়ার্ড:**

প্রতিষ্ঠানের ইউজার আইডির হচ্ছে EIIN. কোন প্রতিষ্ঠানের EIIN যদি হয় 123456 তাহলে ইউজার আইডি হবে 123456

বর্তমান EMIS সফটওয়্যার মার্চ ২০২০ সালে চালু করার সময় সকল প্রতিষ্ঠানের জন্য ডিফল্ট পাসওয়ার্ড প্রদান করা হয়েছিল। যারা সেই পাসওয়ার্ড পরিবর্তন করেননি তারা সেই পাসওয়ার্ড ব্যবহার করে লগ-ইন করবেন এবং পাসওয়ার্ডটি পরিবর্তন করে নিবেন। আর যারা পাসওয়ার্ড পরিবর্তন করেছিলেন তারা পরিবর্তিত পাসওয়ার্ড ব্যবহার করে লগ-ইন করবেন।

ইউজার আইডি ও পাসওয়ার্ড ঘটিত সমস্যায় **আঞ্চলিক প্রোগ্রামার / জেলার সহকারী প্রোগ্রামারগনের** সাথে যোগাযোগ করুন।

**ইউজার আইডি:** সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের EIIN

**ডিফল্ট পাসওয়ার্ড:** 26031971 অথবা 12345678

** ইনস্টিটিউট ম্যানেজমেন্ট (IMS) মডিউল এ প্রতিষ্ঠানের তথ্য” প্রদান করার জন্য উপরের নির্দেশাবলী অনুসরণ করা যেতে পারে।

** তথ্য প্রদানের সুবিধার্থে www.emis.gov.bd ওয়েব লিংকে প্রবেশের পর প্রদর্শিত প্রথম উইন্ডোর user manual থেকে Institute Management System (IMS) দেখা যেতে পারে।

এ সংক্রান্ত বিষয়ে কোন পরামর্শের প্রয়োজন হলে প্রয়োজনে সংশ্লিষ্ট উপজেলা/ থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা কর্মকর্তা , আঞ্চলিক উপ-পরিচালক ও আঞ্চলিক পরিচালক এর সাথে যোগাযোগ করা যেতে

কারিগরি সমস্যার ক্ষেত্রে সংশ্লিষ্ট আঞ্চলিক প্রোগ্রামার / জেলার সহকারী প্রোগ্রামারগনের সাথে যোগাযোগ করুন। যে কোনো কারিগরি সমস্যা হলে সমস্যার বিস্তারিত বিবরণ লিখে (প্রতিষ্ঠানের নাম, EIIN, Mobile সহ) ims.emis.dshe@gmail.com -এই ঠিকানায় ই-মেইল করুন। এছাড়াও ইএমআইএস সেলের ফেসবুক পেইজে (www.facebook.com/emis.dshe) এ সংক্রান্ত সহায়তা পাওয়া যাবে।